

মুসনাদে আহমাদ

হাদিস নম্বরঃ ১৩৩৬

(মসন্দ علي بن أبي طالب) [আলীর বর্ণিত হাদীস] (রাঃ) আলী ইবনে আবী তালিব

আরবী

حَدَّثَنَا أَسْوَدُ بْنُ عَامِرٍ، أَخْبَرَنَا شَرِيكٌ، عَنْ مَنْصُورٍ، عَنْ رَبِيعٍ، عَنْ عَلِيٍّ، رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ: جَاءَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَسٌ مِنْ قُرَيْشٍ، فَقَالُوا: يَا مُحَمَّدُ إِنَّا جِيرَانُكَ وَحُلَفَاؤُكَ، وَإِنَّ نَاسًا مِنْ عِبِيدِنَا قَدْ اتَّوَكَّ لَيْسَ بِهِمْ رَغْبَةٌ فِي الدِّينِ، وَلَا رَغْبَةٌ فِي الْفَقْهِ إِنَّمَا فَرُّوا مِنْ ضِيَاعِنَا وَأَمْوَالِنَا، فَارْدُدْهُمْ إِلَيْنَا. فَقَالَ لِأَبِي بَكْرٍ: رَضِيَ اللَّهُ عَنْهُ: " مَا تَقُولُ؟ " قَالَ: صَدَّقُوا إِنَّهُمْ جِيرَانُكَ. قَالَ: فَتَغَيَّرَ وَجْهُ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ قَالَ لِعُمَرَ: رَضِيَ اللَّهُ عَنْهُ: " مَا تَقُولُ؟ " قَالَ: صَدَّقُوا إِنَّهُمْ لَجِيرَانُكَ وَحُلَفَاؤُكَ فَتَغَيَّرَ وَجْهُ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

إسناده ضعيف، شريك- وهو ابن عبد الله النخعي- سيئ الحفظ، وباقي رجاله ثقات رجال الشيخين

وأخرجه بنحوه مطولاً الترمذي (3715) من طريق وكيع، عن شريك، بهذا الإسناد وقال: حديث حسن صحيح غريب

وأخرجه بنحوه أبو داود (2700) من طريق أبان بن صالح، عن منصور، به

বাংলা

১৩৩৬। আলী (রাঃ) বলেছেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট কুরাইশের কিছু লোক এসে বললো, হে মুহাম্মাদ! আমরা আপনার প্রতিবেশী ও মিত্র, আমাদের কিছু সংখ্যক দাসদাসী আপনার কাছে এসেছে। তারা ধর্মের প্রতিও আগ্রহী নয়, ফিকহের ব্যাপারেও আগ্রহী নয়। তারা শুধু আমাদের ধন-সম্পত্তি ও জমিজমা থেকে পালিয়েছে। কাজেই আপনি তাদেরকে আমাদের নিকট ফেরত দিন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি

ওয়াসাল্লাম আবু বাকরকে বললেনঃ তোমার মত কী? আবু বকর (রাঃ) বললেন, ওরা সত্য কথাই বলেছে। তারা আপনার প্রতিবেশী। এ কথা শুনে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মুখমণ্ডল পরিবর্তিত হয়ে গেল। তারপর উমর (রাঃ)-কে জিজ্ঞাসা করলেন, তোমার মত কী? উমর (রাঃ)ও বললেন, ওরা অবশ্যই আপনার প্রতিবেশী ও মিত্র। এবারও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মুখমণ্ডল পরিবর্তিত হয়ে গেল। (অর্থাৎ তাঁর চেহারায়ে অসন্তুষ্টির ভাব ফুটে উঠলো।)

[আবু দাউদ ২৭০০, তিরমিযী ৩৭১৫]

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=67883>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন